

আমরা খাদ্যে স্বয়ংসম্পূর্ণ বিদেশীদের খবরদারি মানি না

কৃষিমন্ত্রী

প্রতিনিধি, গাজীপুর

কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী এমপি বলেছেন, আমরা ভিক্ষকের মনোভাব নিয়ে দেশ চালাই না। বর্তমান কৃষিবান্ধব সরকার বড় গৃহস্থ। আমরা খাদ্যে স্বয়ংসম্পূর্ণতার দ্বারপ্রান্তে পৌঁছোচ্ছি দেশ আজ খাদ্যে স্বয়ংসম্পূর্ণ বলে কাউকে পরোয়া করি না আমরা। কারও চোখ রাঙানিতে ভয় পাই না এখন। তাই বিদেশীদের খবরদারি আমরা মানি না। মন্ত্রী গতকাল গাজীপুরের ধান গবেষণা ইনস্টিটিউটের (বিআরআরআই) বছরের পাঁচ দিনব্যাপী বার্ষিক গবেষণা পর্যালোচনা কর্মশালা ২০১২-১৩-এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। তিনি আরও বলেন ২০০৯-২০১১ সালে বিশ্বের ২০টি উন্নয়নশীল দেশের মধ্যে আমরা পঞ্চম স্থানে আছি। এজন্য আমরা পরিশ্রম করেছি, জনগণের জন্য আমাদের ভালোবাসা ছিল, তাদের জন্য আমরা কাজ করছি। জাতির জনক বঙ্গবন্ধুর সুরে সুর মিলিয়ে তিনি বলেন, আমাদের দরদ বাংলার মানুষের জন্য, আর আমাদের দুর্বলতা জনগণের প্রতি বেশি ভালোবাসা।

তিনি বলেন এদেশের মানুষের প্রধান খাদ্য ভাত। আমরা মজা দূর করতে পেরেছি। এখন ভাতের অভাব নেই। ভিক্ষাবৃত্তিও কমে গেছে। এসবই আমাদের সাফল্য। এজন্য আমাদের সরকার কৃষি গবেষণার ওপর জোর দিয়েছে। কৃষি বিজ্ঞানীদের বিশেষ প্রণোদনা দেয়ার কথা উল্লেখ করে তিনি বলেন, আমরা আপনাদের মেধা আর পরিশ্রমের ফল পাচ্ছি। আপনারা ধানের এমন জাত ও কৃষি যন্ত্রপাতি উদ্ভাবন করেন তা যেন কৃষক সহজেই গ্রহণ করে এবং লাভবান হয়। তিনি বলেন, আলুচাষিরা এখন ন্যায্য দাম পাচ্ছে না। দেশে একটি মাত্র স্টার্চ কারখানা আছে। পোশাক শিল্পের উপকরণ মাড়